12

দৈনিক ইত্তেফাক

তারিখ 08 JUL 1996
পৃষ্ঠা ১ কলাম ২

# কম্পিউটারে ভূতের আছর ॥ দুই হাজার এসএসসি পরীক্ষার্থীর ভাগ্য বিপর্যয়

ইত্তেফাক রিপোর্ট ॥ যাহাদের মেধা তালিকায় থাকিবার কথা কম্পিউটারের ভূত তাহাদের পরীক্ষার ফলাফলে সম্পূর্ণ "উহ্য" বা বিলীন করিয়া দিয়াছে। তাহারা ফেল করিয়াছে। এসএসসি পরীক্ষায় ৮০০ ও তদূর্ধ্ব নম্বর পাইয়া উত্তীর্ণ ল্যাবরেটরী স্কুল ও অন্যান্য স্কুলের প্রায় ৭০ জন মেধাবী এসএসসি পরীক্ষার্থীর কপালে ধানমণ্ডির কম্পিউটার কেন্দ্রটি এক শোচনীয় দুর্দশা নামাইয়া

(১১শ পৃ: ৫-এর ক: দ্রঃ)

## কম্পিউটারে

( ১ম পৃ: পর )

আনিয়াছে। ফলাফল গ্রন্থণার সময় কোড উল্লেখে কোন পেপারে ভুল হইলে সমগ্র রেজাল্ট যে "শূন্য" হইয়া যায়, ইহা কম্পিউটারের একটি সরল ব্যাকরণ। অপারেটরদের এ পদ্ধতিগত ভুলের দণ্ড লইয়া এখন ঢাকা শহরে মেধাবী ছাত্র-ছাত্রীদের মা-বাবারা পাগলপ্রায়। বিজ্ঞান কলেজের ভাইস প্রিন্সিপ্যাল গতরাতে জানান, তাহার ইমরান মেধা তালিকায় থাকিবার কথা। কিন্তু তাহার নামচিহ্ন ফলাফলে নাই। খিলগাও, বাসাবো, সংসদ ভবন এলাকার মেধাবী পরীক্ষার্থীদের অভিভাবকরা কম্পিউটারের অভিশাপ হইতে তাহাদের সন্তানদের উদ্ধার করিতে বলিয়াছেন। কিন্তু মঞ্জুরী কমিশনের কম্পিউটার সেন্টার বোর্ডগুলির জন্য ভাড়ায় খাটিতে গিয়া এই লইয়া তিন বৎসর যাবৎ অভিভাবকদের দিশাহারা করিতেছে। অভিভাবকরা সেখানে হাজির হইলে দারোয়ানও ঘাড় তুলিয়া তাকায় না।

কম্পিউটারের ভূত ঢাকা বোর্ডের প্রায় ২ হাজার মেধাবী ছাত্র-ছাত্রীকে এবার "ফেল" বলিয়া জাহির করিয়াছে। কিন্তু বোর্ড এখনও কম্পিউটার কেন্দ্রটিকে 'ব্যর্থ' বা 'ফেল' বলিয়া ঘোষণা করে নাই। উচ্চ মেধা ও দক্ষতর কম্পিউটার পেশাজীবীরা এ কেন্দ্র পরিচালনায় আনাড়ী বিশেষজ্ঞদের "নেতৃত্ব" লইয়া বহুদিন যাবৎ সোচ্চার।